



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
একাডেমিক শাখা
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/একা-৪১/ফা.পা.ভর্তি ও রেজিঃ/২০১৮/০০০৪৮

তারিখঃ ১১/০৯/২০২০ খ্রি.

ফাজিল (পাস) ২য় ও ৩য় বর্ষের সেশন ফি-সহ অন্যান্য ফি-জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ফাজিল (পাস) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ফাজিল (পাস) ২য় বর্ষ পরীক্ষা-২০১৯ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ফাজিল (পাস) ১ম বর্ষ পরীক্ষা-২০১৯ এর ফলাফল প্রকাশিত হওয়ায় নিম্নবর্ণিত তফসিল অনুসারে সেশন ফি-সহ অন্যান্য ফি-আদায়ের কার্যক্রম শুরু করতে হবে।

তফসিল:

(ক) ছাত্র-ছাত্রীদের ফাজিল (পাস) ২য় ও ৩য় বর্ষের সেশন ফি-সহ অন্যান্য ফি-নিম্নে নির্ধারণ করা হলো। উক্ত ফি-সমূহের মধ্যে সেশন ফি- ও ক্রীড়া ফি-বাবদ আদায়কৃত অর্থের ৫০% মাদরাসা এবং অবশিষ্ট ৫০% সহ অন্যান্য ফি- বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণি	সেশন ফি-	ক্রীড়া ফি-	রোভার কাউন্স /বি.এন.সি.সি ফি-
ফাজিল (পাস) ২য় ও ৩য় বর্ষ	২৫০/-	৫০/-	২৫/-

(খ) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ফি-সমূহ আদায়পূর্বক আগামী ১০-০৯-২০২০ খ্রি. তারিখ থেকে ২৭-১০-২০২০ খ্রি. তারিখের মধ্যে {সেশন ফি- ও ক্রীড়া ফি- বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি- অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে “অগ্রণী ব্যাংক লিঃ” এর যে কোন শাখায় জমা দিবেন।

ফি-জমা দেয়ার নিয়মাবলী :

প্রথম ধাপ : www.iau.edu.bd তে প্রবেশ করতে হবে।

দ্বিতীয় ধাপ : **Payment Option** এ ক্লিক করতে হবে।

তৃতীয় ধাপ : **EIN ও Password** দিয়ে **Login** করতে হবে।


চতুর্থ ধাপ : **Session Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করতে হবে।

পঞ্চম ধাপ : **Payslip Download** করে ব্যাংকে টাকা জমা করতে হবে।

(গ) ফাজিল (পাস) শ্রেণিতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল (পাস) ১ম ও ২য় বর্ষ পরীক্ষা-২০১৯ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুষ্ঠীর্ণ হয়েছেন সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (**Immediate Year**) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি- প্রদান [প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে] করতে হবে।

(ঘ) আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপ এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের টট লিস্ট প্রস্তুত করে পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি-সমূহ একটি অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের টট লিস্ট পৃথক ভাবে জমা দিতে হবে।


(এ.এস. মাহমুদ)

রেজিস্ট্রার

মোবাইল : ০১৭০৫-৪০৮০০১

email: iau.registr@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।